4.11-4.13

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

আলহাজ্ব মোঃ মতিউর রহমান মতি
কাউন্সিলর ওয়ার্ড নং-০৬
সুমিলপাড়া, আদমজীনগর, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
মোবাইল ঃ ০১৬৭০-৭২৯২৭২

সূত্রঃ-

তারিখঃ ১৮/০৬/২০২৩খ্রি.।

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রনীত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা-২০২২ মোতাবেক গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২২/০৬/২০২৩খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় সম্মানীত ০৬ নং ওয়ার্ড কাউন্সিলর মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাযসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

মোঃ মতিউর রহমান মতি
কাউন্সিলর - ৬নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

(আলহাজ্ব মোঃ মতিউর রহমান)
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

e-mail: counsilor06@gmail.com

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ০৬ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

সভাপতি ঃ মোঃ মতিউর রহমান
কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ০৬
সভার তারিখ ঃ ২২/০৬/২০২৩ খ্রি.
সভার সময়ঃ বৃহস্পতিবার সকাল ১১.০০ঘটিকায়
সভার সভার স্থান ঃ ০৬ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

**সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ৬নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মতিউর রহমান কমিটির সদস্য সচিব জনাব মোঃ ইব্রাহিম খলিল আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

আলোচ্যসূচী- ১: গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | কার্যবিবরনী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মোঃ ইব্রাহিম খলিল পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী-২: চলমান অবকাঠামো উন্নয়ণ অগ্রগতি পর্যালোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| চলমান অবকাঠামো উন্নয়ণ অগ্রগতি পর্যালোচনা। | WLCC'র সদস্য-সচিব জনাব মোঃ ইব্রাহিম খলিল বলেন যে, আপনারা নিশ্চই অবগত আছেন যে আমাদের ওয়র্ডে মোট ০৩টি প্রকল্প চলমান রয়েছে। প্রকল্প ০৩ টি'র মধ্যে আর সি সি ড্রেন- ২,৫৭০ মিটার এবং আর সি সি রোড- ২,৫৭০ মিটার। এই প্রকল্পের মোট টাকার পরিমান- ৮,১০,২০,৫৩৫.৫২ টাকা। | ০৬ নং ওর্য়াডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৩: জন্ম-মৃত্যু রেজিস্ট্রেশন নিয়ে আলোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| জন্ম-মৃত্যু রেজিস্ট্রেশন নিয়ে আলোচনা। | WLCC'র সদস্য জনাব মোঃ মানিক মাষ্টার জন্ম ও মৃত্যু নিবন্ধন সর্ম্পকে নানান মতামত প্রকাশ করেন। তিনি বলেন যে, নিবন্ধনের জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে যেতে তাদের অনেক সমস্যা হয়, যেমন- সময় ও ভাড়া অনেক লাগে। তাই তারা নিজ নিজ কাউন্সিলরের কার্যালয়ে এই নিবন্ধনের ব্যবস্থা করার অনুরোধ জানান। | WLCCএর সদস্যগন সর্বসম্মতিক্রমে কাউন্সিলরের অফিস ও তথ্য সেবা কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এই মর্মে সভাকে সুপারিশ করে। | প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৪: বিশুদ্ধ পানি সরবরাহ প্রসঙ্গে।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| নাগরিক চাহিদা | WLCC'র সদস্য জনাব মাহমুদা নাসরিন বলেন যে, ৬নং ওয়ার্ডে পানির খুবই সমস্যা ওয়াসা থেকে যে পানি পাওয়া যায় তা খুবই নোংরা ও দুর্গন্ধ। তিনি আরও জানান ওয়াসার বিল তারা নিয়মিত পরিশোধ করে যাচ্ছেন কিন্তু চাহিদা মোতাবেক পানি পাচ্ছেন না। তাই তিনি এখানে একটি পানির পাম্প স্থাপন করার জোর দাবী জানান। | সুপারিশটি সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৫: বিবিধ।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | জনাব মাহমুদা নাসরিন বলেন যে, ৬নং ওয়ার্ডে মশার উপদ্রব দিন দিন বেড়েই চলেছে। তিনি নিয়মিত মশার ঔষধ প্রদানের অনুরোধ জানান। | ৬নং ওয়ার্ডে নিয়মিত মশার ঔষধ প্রদানের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মতিউর রহমান)
চেয়ারপার্সন, ৬নং WLCC
ও
কাউন্সিলর, ০৬ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ ০১৬৭০৭২৯২৭২

# সংযোজনী– ক

.......৫১....... নং ওয়ার্ডের WLCC'র সভায় সদস্যদের হাজিরা তালিকা

| ক্র:নং | নাম | কমিটিতে পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মো: মতিউর রহমান | সভাপতি | | [illegible] |
| ২ | মনোয়ারা বেগম | সহ-সভাপতি | | মনোয়ারা |
| ৩ | মো: রফিকুল ইসলাম | সদস্য | | রফিকুল |
| ৪ | মো: আ: হামিদ | সদস্য | | আ: হামিদ |
| ৫ | মো: মানিক মাহাতো | সদস্য | | মানিক |
| ৬ | মো: জুবায়ের আলম হিরা | সদস্য | | হিরা |
| ৭ | রওশন আলী (রওশন) | সদস্য | | Rousan |
| ৮ | নজরুল ইসলাম | সদস্য | | নজরুল |
| ৯ | সিরাজুল ইসলাম | সদস্য | | সিরাজ |
| ১০ | মো: [illegible] | সদস্য | | [illegible] |
| ১১ | মো: আব্দুল্লাহ (বুলু) | সদস্য | | |
| ১২ | ডা: আইনুল হক | সদস্য | | |
| ১৩ | মো: আরিফ হোসেন | সদস্য | | |
| ১৪ | সাইমা মাহবুব | সদস্য | | |
| ১৫ | মাহমুদা নাসরিন | সদস্য | | |